একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

# উপজেলা পরিষদ

## গোলাপগঞ্জ, সিলেট

মে/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব ফয়সাল মাহমুদ ফুয়াদ, প্রশাসক (চলতি দায়িত্ব), উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২৬ মে ২০২৫ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব ফয়সাল মাহমুদ ফুয়াদ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব) বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কুশিয়ারা, অরুণিমা আবাসিক ভবন ও শাপলা কোয়াটার মেরামত/সংস্কারের লক্ষ্যে ইতোমধ্যে ৪০.০০ লক্ষ্য টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং মেরামত কাজ বাস্তবায়নরে লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত ইতোমধ্যে চুক্তিপত্র স্বাক্ষর করা হয়েছে। ঠিকাদারী প্রতিস্ঠান ৫% নিম্নদরে দর দাখিল করায় বরাদ্দকৃত টাকা হতে প্রায় ২ লক্ষ টাকা সাশ্রয় হয়। উক্ত টাকা দিয়ে কুশিয়ারা ভবনের নিচতলা এবং উপর তলায় বেশ কয়েকটি রুমে এবং একটি বাথরুমে টাইলসের কাজ সংযোজন এর লক্ষ্যে ১,৯৯,৯৪৬.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার নয়শত ছেচল্লিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা পরিষদ কর্তৃক সদয় অনুমোদন প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদের UTDC ভবনের নিচতলায় প্রকৌশল সেকশনের ৩টি কক্ষ ও কমন ওয়াশরুম এবং কোর্ট বিল্ডিং এর তথ্য আপার ওয়াশরুম সংস্কার অত্যন্ত জরুরী যেখানে প্রায় আনুমানিক ২ লক্ষ টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় রাজস্ব তহবিলের বাসা বাড়ির খাত থেকে নির্বাহ করা যেতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী জানান।<br><br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কুশিয়ারা, অরুণিমা আবাসিক ভবন ও শাপলা কোয়াটার মেরামত/সংস্কারের লক্ষ্যে ইতোমধ্যে ৪০.০০ লক্ষ্য টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং মেরামত কাজ বাস্তবায়নরে লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত ইতোমধ্যে চুক্তিপত্র স্বাক্ষর করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান ৫% নিম্নদরে দর দাখিল করায় বরাদ্দকৃত টাকা হতে প্রায় ২ লক্ষ টাকা সাশ্রয় হয়। উক্ত টাকা দিয়ে কুশিয়ারা ভবনের নিচতলা এবং উপর তলায় বেশ কয়েকটি রুমে এবং একটি বাথরুমে টাইলসের কাজ সংযোজন এর লক্ষ্যে ১,৯৯,৯৪৬.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার নয়শত ছেচল্লিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা পরিষদ কর্তৃক সদয় অনুমোদন প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদের UTDC ভবনের নিচতলায় প্রকৌশল সেকশনের ৩টি কক্ষ ও কমন ওয়াশরুম এবং কোর্ট বিল্ডিং এর তথ্য আপার ওয়াশরুম সংস্কার অত্যন্ত জরুরী যেখানে প্রায় আনুমানিক ২ লক্ষ টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় রাজস্ব | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্ধত্ত) দ্বারা গৃহীত ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা জুন ২০২৫ইং এর মধ্যে সুষ্টভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক উগস্তাপিত (১) ঢাকাদক্ষিণ খেলার মাঠ হতে আল আকসা জামে মসজিদ পর্যন্ত আরসিসি দ্বারা উন্নয়নের জন্য ৫,৯২,৯৩৬.০০ (পাঁচ লক্ষ বিরানব্বই হাজার নয়শত ছত্রিশ) টাকা (২) কুশিয়ারা ভবনের নিচতলা এবং উপর তলায় কয়েকটি রুমে এবং একটি বাথরুমে টাইলসের কাজ করার লক্ষ্যে ১,৯৯,৯৪৬.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার নয়শত ছেচল্লিশ) টাকা এবং (৩) উপজেলা পরিষদের UTDC ভবনের নিচতলায় প্রকৌশল সেকশনের ৩টি কক্ষ ও কমন ওয়াশরুম এবং কোর্ট বিল্ডিং এর তথ্য আপার | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তহবিলের বাসা বাড়ির খাত থেকে নির্বাহ করা যেতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী জানান। | ওয়াশরুম সংস্কারের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন সমূহ অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮৭০৩ জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৬২ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ১৫৯৫ জন, নরমাল প্রসব সেবা ৩৬ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১২০ জন , সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৩০৯। হাসপাতালে চিকিৎসকের সংখ্যা কম থাকায় জরুরী স্বাস্থ্যসেবা ব্যাহত হচ্ছে। ৫টি কমিউনিটি ক্লিনিক এ বর্তমানে সিএইচসিপি কর্মরত। | স্বাস্থ্য কমপ্লেক্স এর স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,মৎস্যবীজ উৎপাদন খামার গোলাপগঞ্জ এ বর্তমানে কার্পজাতীয় মাছের ছোট পোনার উৎপাদন কার্যক্রম এবং বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ইউপি পরিষদের যে সকল মৎস্যচাষী মাছের পোনা ক্রয় করতে চান তাদেরকে সরকারী খামারে যোগাযোগ করার অনুরোধ জানান।বর্ষার মৌসুমে যেহেতু দেশীয় প্রজাতির মাছের প্রজনন সময় এবং পোনা উৎপাদন সময় সেহেতু সংশ্লিষ্ট জলাশয়ে যেন কোন ব্যক্তি অবৈধভাবে কিংবা অবৈধভাবে মৎস্য আহরন কিংবা মাছের পোনা নিধন করতে না পারে সেই বিষয়ে সভায় উপস্থাপনা করা হয় এবং আলোচনা করা হয় এবং সকলের সহযোগিতা কামনা করা হয়। | অবৈধভাবে মাছের পোনা নিধনের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ১৮৮৬ টি, হাঁস মুরগীর চিকিৎসা ১৭৭৪৭ টি, কৃত্রিম প্রজনন ২১৪ টি, গবাদি পশুর টিকা প্রদান ১৫১৪ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৩৬৪০০ টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ৩ একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৮ টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম ০২ টি। আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে ধর্মপ্রাণ মুসলিমগণের সবচেয়ে বড় উপলক্ষ্য কোরবানীকে কেন্দ্র করে গোলাপগঞ্জে সকল স্থায়ী কোরবানীর হাটের ইজারাদারগণকে ভেটেরিনারী মেডিকেল টিমের জন্য চেয়ার টেবিল সহ একটি বসার স্থান নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখা এবং আসন্ন ঈদুল আযহা উপলক্ষে স্থায়ী কোরবানীর হাটে মেডিকেল টিমের জন্য চেয়ার, টেবিল সহ বসার স্থান নির্ধারণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, গ্রামীন অবকাটামো ও রক্ষনাবেক্ষন প্রকল্পের ১ম, ২য় ও ৩য় প্রকল্পের | গ্রামীন অবকাটামো ও রক্ষনাবেক্ষন প্রকল্পের | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ত্রান বিভাগ | সর্বশেষ সময় বৃদ্ধি পেয়েছে ১৫ জুন ২০২৫ পর্যন্ত। জুন ০৫ থেকে জুন ১৪ পর্যন্ত সরকারি ছুটি ও বর্ষার মৌসুম থাকায় সকল প্রকল্পের কাজ ২৯ মে/২০২৫ এর মধ্যে সমাপ্ত করার জন্য সকল চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হলো। কাজ সমাপ্ত হলে ৪/৬/২৫ মধ্যে বিল/ডিও দেওয়া হবে। | কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাতিম নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ববাঘা সরকারি প্রাথমিক বিদ্যালয়, নয়াবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় নদীভাঙ্গনে ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। | প্রাথমিক শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখা এবং নদী ভাঙ্গনে ঝুকিপূর্ণ বিদ্যালয় গুলোর জন্য পানি উন্নয়ন বোর্ড বরাবর যোগাযোগ রক্ষার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,সকলের আন্তরিক সহযোগিতায় এসএসসি/সমমান পরীক্ষা ২০২৫ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। এইচএসসি/সমমান পরীক্ষা ২০২৫ আগামী ২৬ জুন ২০২৫ তারিখ হতে আরম্ভ হবে। সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করছি। ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণী পযন্ত অনলাইনে উপবৃত্তির আবেদন দাখিলের কার্যক্রম আগামী ২৯ মে ২০২৫ পর্যন্ত বর্ধিত করা হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠান গুলো উক্ত কার্যক্রম অব্যাহত রেখেছে। | ২০২৫ সালের এইচএসসি/সমমান / পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এবং বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশনের ব্যবস্থার পূর্ণ নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের কাজ চলমান আছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২০ টি স্কুলের ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। | ওয়াশব্লক নির্মাণ কাজের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের তৃতীয় কিস্তির পেরোল প্রেরণের নির্দেশনা এসেছে। ৩০ মে/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যেই পেরোল পাঠাতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। উল্লেখ্য যে, ২০২৪-২৫ অর্থবছরে বয়স্কভাতা ১১০২ জন, বিধবা ভাতা ১৫২ জন এবং প্রতিবন্ধী ভাতা ৪৬০ টি বরাদ্দ এসেছে। এছাড়া বিভিন্ন উপকারভোগীদের ভাতা প্রতিস্থাপন পরিবর্তন ও স্থানান্তরের বিষয়গুলো দ্রুত সময়ের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। | বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান মাসে ৭ জন যুবককে ৭,৬০,০০০/- টাকা উদ্যোক্তা ঋণ বিতরন করা হয়েছে। লক্ষনাবন্দ ইউনিয়নে যুব নারীদের পোষাক তৈরি প্রশিক্ষন চলমান রয়েছে। | যুব প্রশিক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত মোট ১২০ টি অডিট কার্য সম্পন্ন হয়েছে । অডিটের উপর ধার্য্যকৃত সরকারি রাজস্ব ৫০,০০০/- আদায় করা হয়েছে। হার ১০০% এবং ৫ টি সমিতি পরিদর্শন করা হয়েছে। | অডিট কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন বোরো ধান অত্র উপজেলায় ৪৯৩.০০০ মে.টন ধানের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। তার মধ্যে এ পর্যন্ত ৪৬৩.০০০ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। কৃষকদের অ্যাপসে যারা নিবন্ধন করেছে এবং যারা আগে ধান বিক্রয়ের জন্য আবেদন করবে অর্থাৎ আগে আসলে আগে বিক্রয় করতে পারবে ভিত্তিতে ধান সংগ্রহ হয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ভিডব্লিউ এর আবেদন এম আইএস সিস্টেমে উপজেলায় প্রাথমিক তালিকা আগামী ২৯/৫/২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ৫ জুন হতে১৯ জুন এর মধ্যে উপজেলার কমিটির মাধ্যমে চুড়ান্ত তালিকা করা হবে। ২০ জুন-২৯ জুন এর মধ্যে চুড়ান্ত তালিকা অনুযায়ী কার্ড বিতরন করা হবে। মা ওশিশু আবেদন এপ্রিল, মে এর আবেদন মে এর ভিতর এবং জুন মাসের আবেদন জুন মাসে শেষ করে তালিকা উপজেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। নভেম্বর, ডিসেম্বর/২৪ এবং জানুয়ারি/২৫ এর হার্ডকপি উপজেলায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মা ও শিশু সহায়তা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, ২০১১-২০১২ অর্থ বছরে গোলাপগঞ্জ উপজেলার জনাব আছদ্দর আলী জালালী সাং আমুড়া, গোলাপগঞ্জ উপজেলার ভেটু খালের সম্মুখ হইতে শিকপুর পর্যন্ত ০২ কি.মি. এলজিইডি রাস্তার বন বিভাগের সহিত চুক্তিনামায় অংশীদারিত্ব মূলক সামাজিক বনায়নের মাধ্যমে বাগান সৃজন করেছেন। এছাড়াও ঐ বৎসরই আমুড়া ভেটু খাল হতে আমনিয়া ফুরিজান ব্রীজের সম্মুখ পর্যন্ত ০২ কি.মি. এলজিইডি রাস্তার ব্যক্তিগত উদ্যোগে বাগান সৃজন করেছেন। বন বিভাগের সহিত চুক্তিপত্র বাগানের ও ব্যক্তিগত উদ্দ্যোগে সৃজিত বাগানদ্বয়ের গাছগুলো টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ বরাবরে আবেদন করেন। বর্ণিত বাগানদ্বয়ের গাছগুলো টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য অত্র সভায় বিষয়গুলো উপস্থাপন করেন। সভায় সামাজিক বনায়নের বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। | সমাজিক বনায়ন বিধিমালা অনুযায়ী উপজেলা বন কর্মকর্তা/ফরেস্টার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/<br>১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান,১/৭/২০২৪ হতে ২৫/৫/২০২৫ পর্যন্ত ব্যাংকের কাজের বিবরন সঞ্চয় আদায় ৩৬.৫১ (লক্ষ টাকা), ঋণ আদায় ৬৫১.০০ (লক্ষ টাকা), ঋণ বিতরণ ৬৪০.০০ (লক্ষ টাকা) | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/<br>২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্রবিমোচন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/<br>২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, আগামী ২০২৫-২৬ অর্থবছরে প্রস্তাবিত খাল সমূহ পুণ:খনন কার্যক্রম করা হবে ঐ লক্ষ্যে উপজেলা প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। এছাড়াও সকল ইউপি চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন, যদি আরো খাল পুন:খননের প্রয়োজন হয় তাহলে খালের তালিকা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। | নতুন খাল খননের তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/<br>২২ | উপজেলা তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান,বিগত ১৫/৫/২০২৫ তারিখ সকাল বেলায় অফিসে গিয়ে অফিসের জানালা ভাঙ্গা দেখেন। অফিসের ভিতরে একটি প্রজেক্টর কেবল, ল্যাপটপ কেবল ও চায়ের কেটলী পাওয়া যায়নি। এমতাবস্থায় তিনি পরিষদকে এ বিষয়ে অবহিত করেন। | দ্রুত জিডি এন্ট্রি করত: আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ |
| ২/<br>২৩ | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাতৃবিয়োগে এবং জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের মেকানিক মোঃ আব্দুল্লাহ আল মামুন এর মৃত্যুতে গভীর শোক প্রস্তাব উত্তাপন করেন। | পরিষদে উক্ত শোক প্রস্তাব গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/<br>২৪ | বিবিধ | (ক) জনাব মিলটন চন্দ্র পাল, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের ডিসেম্বর/২০২৪ থেকে মে/২০২৫ পর্যন্ত কার্যভার ভাতা প্রতি মাসে ১৫০০/- হারে ৯,০০০/- অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>খ) উপজেলা পরিষদের ১৪৩১ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ৫৪,৬৯৯/-টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>গ) উপজেলা পরিষদের সিসি ক্যামেরার সরঞ্জাম বাবদ ৩৫,০০০/- অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>ঘ) পরিষদের অভ্যন্তরে ড্রেইন পরিস্কার ও ঝুপঝার পরিস্কার বাবদ ২৪,৭৫০/- পরিশোধের জন্য অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক), (খ), (গ) ও ঘ উক্ত বিল গুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | | জনাব আলী আছকর, পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম , মালীর মার্চ/২৫ মাসের মজুরী বাবদ (১২,১০০/-+১২,১০০/-) চেক প্রদান চেক নং৮৪০৪২২৬-৭ তাং৬/৪/২৫। ইউএনও অফিস কাজের বিল প্রদান চেক নং চেক নং ৮৪০৪২৩১ তাং৭/৪/২৫। দৈনিক জালালাবাদ ১৪৩২ বাংলা সনের হাটবাজার ইজারার বিজ্ঞপ্তি | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | প্রকাশের বিল বাবদ ৩৫,০৯৬/- চেক প্রদান চেক নং৮৪০৪২৩২ তাং২৮/৪/২৫।জনাব শাহ আলমের অনুকূলে ১৪৩২ বাংলা সনের হাট বাজার ইজারার আনুষঙ্গিক ব্যয় ও ভ্যাট আয়কর বাবদ (২১,২০০/-+১০,৭৬৯/-) চেক প্রদান চেক নং ৮৪০৪২৩৩ড়-৪ তাং ২৮/৪/২৫। | বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি জনাব ফয়সাল মাহমুদ ফুয়াদ (চলতি দায়িত্ব), গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। । উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/৫/২৫

ফয়সাল মাহমুদ ফুয়াদ
উপজেলা নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব)
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.২১৩.৪৬২ তারিখঃ ২৬/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৬। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী------------------------------- সিলেট।
০৮। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৯। চেয়ারম্যান--------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
১০। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২৬/৫/২৫

উপজেলা নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব)
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa